

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৩০

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়ামরত অবস্থায় স্ত্রীকে চুম্বন করা বৈধ হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ جَوَازِ تَقْبِيلِ الْمَرْءِ أَهْلَهُ وهو صائم

আরবী

3530 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ عَبْدِ رَبِّهِ بْنِ سَعِيدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ كَعْبِ النَّهِ مَلْمَةَ: أَنَّهُ سَأَلَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم: أيقبِّلُ الْحِمْيَرِيِّ عَنْ عُمْرَ بْنِ أَبِي سَلَمَةَ: أَنَّهُ سَأَلَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم: (سَلْ هذه ِ - أُمُّ سَلَمَةَ -) فأخبرتُهُ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَصنْنُعُ ذَلِكَ فَقَالَ يا رسول الله! قد غَفَرَ اللَّهُ مَا تَقَدَّمَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَصنْنُعُ ذَلِكَ فَقَالَ يا رسول الله! قد غَفَرَ اللَّهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأْخَّرَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ: (وَاللَّهِ إِنِّي أَتْقَاكُمْ لِلَّهِ وَأَخشاكم له) مِنْ ذَنْبِكَ وَمَا تَأْخَر فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ: (وَاللَّه إِنِّي أَتْقَاكُمْ لِلَّهِ وَأَخشاكم له) الراوي : عُمَر بْن أَبِي سَلَمَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3530 اخلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء))) (4/88): م.

বাংলা

৩৫৩০. উমার বিন আবূ সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু অলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেন, "সিয়াম পালনকারী ব্যক্তি কি চুম্বন করতে পারে?" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "একে –উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহাকে- জিজ্ঞেস করো।" অতঃপর উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা তাকে জানান, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরকম করেছেন।" সেই ব্যক্তি বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আল্লাহ আপনার আগের পরের সমস্ত গোনাহ ক্ষমা করে দিয়েছেন।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আল্লাহর কসম, নিশ্চয়ই আমি তোমাদের মাঝে সবচেয়ে বেশি তাকওয়াবান ও আল্লাহকে ভয় করি।"[1]

ফুটনোট



[1] সহীহ মুসলিম: ১১৮০; সুনান বাইহাকী: ৪/২৩৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: 8/৮8)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনু আবূ সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন